

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ২২৩

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৮

- বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের আগস্ট ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ১০ সেপ্টেম্বর ২০১৮, সময় : সকাল- ১০.৩০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত আগস্ট ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।  সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন।	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে এবং কোনোরূপ যেন ব্যত্যয় না ঘটে সে দিকে লক্ষ্য রাখতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	ইআরপি সিস্টেম ব্যবহার নিশ্চিত।	(ক) ইআরপি সিস্টেমে ৬টি মডিউল যথাযথ ব্যবহার হচ্ছে কিনা এবং কোনোরূপ অসুবিধা হচ্ছে কিনা এ বিষয়ে মহাপরিচালক সংশ্লিষ্ট সকলের নিকট জানতে চাইলে উপস্থিত সকলেই বলেন মডিউল ব্যবহারে কোনরূপ অসুবিধা হচ্ছে না। ইআরপি সিস্টেমে এইচআরএম এ কর্মকর্তা/ কর্মচারীদের এসিআর সংরক্ষণ এবং ডাটাবেজে তা আপডেট রাখার বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।  (খ) বিগত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্স হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত অর্থের ভাউচার ইআরপি মাধ্যমে নিরীক্ষা ও অনুমোদন এবং এতদ্বিষয়ে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	(ক) ইআরপি সিস্টেমে এইচআরএম মডিউলে কর্মকর্তা/ কর্মচারীদের এসিআর সংরক্ষণসহ ডাটাবেজে আপডেট করতে হবে।  (খ) বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্স হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত অর্থের ভাউচার ইআরপি মাধ্যমে নিরীক্ষা ও অনুমোদন করতে হবে। এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে আইটি শাখার একজন প্রতিনিধিসহ নিরীক্ষা টিম ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সে গমন করবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)  পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

